



তথ্যবিবরণী

নম্বর-২৭৫

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উপলক্ষ্যে রাসিকের কেন্দ্রীয় ওরিয়েন্টেশন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত

রাজশাহী, ১২ জ্যৈষ্ঠ (২৬ মে):

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন আগামী শনিবার (১ জুন) পালন উপলক্ষ্যে রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) আয়োজনে কেন্দ্রীয় ওরিয়েন্টেশন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২৬ মে) দুপুরে নগর ভবনের সিরিং দত্ত গুপ্ত সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এ.বি.এম শরীফ উদ্দিন।

শরীফ উদ্দিন বলেন, ভিটামিন 'এ' শুধুমাত্র অপুষ্টিজনিত অক্ষত্ব থেকে শিশুদের রক্ষা করে তাই নয়, ভিটামিন 'এ' শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং শিশুর মৃত্যু ঝুঁকি কমায়। আগামী প্রজন্মকে সুস্থ ও সবলভাবে গড়ে তুলতে আগামী ১ জুন সারাদেশে পালিত হবে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন। নগরীতে কোন শিশু যেন এ কার্যক্রম থেকে বাদ না পড়ে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

তিনি বলেন, মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটনের নেতৃত্বে রাজশাহী সকল ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। ইপিআইসহ স্বাস্থ্য খাতে রয়েছে রাজশাহী সিটি করপোরেশনের সাফল্য। এ ধারা অব্যাহত রাখতে হবে।

সভায় জানানো হয়, জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে একটি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। রাজশাহী মহানগরীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সূষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে ২ জন করে স্বেচ্ছাসেবী নিয়োজিত থাকবে। নগরীজুড়ে মোট ৩৮৪টি কেন্দ্রে ৭৬৮জন স্বেচ্ছাসেবী নিয়োজিত থাকবে। প্রতিটি কেন্দ্রে সকাল ৮টা হতে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকবে। ৬-১১ মাস বয়সী ৮ হাজার ৮ শত ৬৮ জন এবং ১২-৫৯ মাস বয়সী ৫৬ হাজার ৫ শত ৬৪ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়নে ও রাজশাহী সিটি করপোরেশনের সার্বিক সহযোগিতায় রাজশাহী মহানগরীতে এ কার্যক্রম বাস্তবায়িত হবে।

সভায় রাজশাহী নগরীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রম বিষয়ে সার্বিক চিত্র উপস্থাপন করেন রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এফএএম আঞ্জুমান আরা বেগম।

রাসিকের স্বাস্থ্য শিক্ষা, পরিবার পরিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার স্থায়ী কমিটির সভাপতি ও ১৯নং ওয়ার্ড কাউন্সিলর তৌহিদুল হক সুমনের সভাপতিত্বে সভায় বক্তৃতা করেন পরিচালক স্বাস্থ্য কার্যালয়ের সহকারী পরিচালক ডাঃ আবুল কালাম আজাদ ও সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার তামান্না কবীর। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং রাসিকের স্বাস্থ্যকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/রুলুল/২০২৪/১৬.৩০ঘ.